Fax No. :880-2-9551072
Grams : AUTHORITY
Phones : 9556151-55
9555042
9552039
9552027

# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
## BANGLADESH INLAND WATER TRANSPORT AUTHORITY

বি,আই,ডব্লিউ,টি,এ ভবন
১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা
পোস্ট বক্স ৭৬, ঢাকা-১০০০
বাংলাদেশ

BIWTA BHABAN
141-143, MOTIJHEEL C/A,
POST BOX 76, DHAKA-1000
BANGLADESH

নথি নং-১৮.৭০৭.০১১.০৫.০১.০২২৮.২০১৮/৭৪৪ তারিখঃ-১৫ /০৪/২০১৮ইং।

## নিয়োগ বিজ্ঞপ্তি নং-০৪/২০১৮

বাংলাদেশ অভ্যন্তরীন নৌ-পরিবহন কর্তৃপক্ষ(বিআইডব্লিউটিএ) এর নিম্নবর্ণিত অস্থায়ীভাবে সৃজিত শূন্য পদে নিয়োগের নিমিত্ত বর্ণিত শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online এ দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | বয়স সীমা | শূণ্য পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | সহকারী যান্ত্রিক প্রকৌশলী/তৎসম | জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ৯ম গ্রেডভূক্ত টাকা ২২,০০০-৫৩০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৩০ বৎসর মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী ৩২ বৎসর | ০৬ | মেকানিক্যাল/মেরিন ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রী |
| ২ | সহকারী প্রকৌশলী | জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ৯ম গ্রেডভূক্ত টাকা ২২,০০০-৫৩০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৩০ বৎসর মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী ৩২ বৎসর | ০৪ | পুর-কৌশল অথবা পানি সম্পদ এ স্নাতক প্রকৌশলী অথবা একই বিষয়ে এ, এম, আই, ই হইতে সার্টিফিকেট। |
| ৩ | উপ-সহকারী প্রকৌশলী (মেরিন/যান্ত্রিক)/তৎসম | জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১০ম গ্রেডভূক্ত টাকা ১৬,০০০-৩৮৬৪০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৩৫ বৎসর | ০৬ | যে কোন অনুমোদিত প্রতিষ্ঠান হইতে নৌ-প্রযুক্তি কিংবা যন্ত্র প্রকৌশলে ডিপ্লোমা। |
| ৪ | উপ-সহকারী প্রকৌশলী (পুর-কৌশল)/তৎসম | জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১০ম গ্রেডভূক্ত টাকা ১৬,০০০-৩৮৬৪০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৩৫ বৎসর | ০৪ | অনুমোদিত প্রতিষ্ঠান হইতে পুর-কৌশলে ডিপ্লোমাধারী হইতে হইবে। |
| ৫ | কারিগরি সহকারী (মেকানিক্যাল)/তৎসম | জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১৪তম গ্রেডভূক্ত টাকা ১০২০০-২৪৬৮০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ১৮-৩০ বৎসর মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী ৩২ বৎসর | ১২ | এস, এস, সি-সহ কোন অনুমোদিত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট ট্রেডে ২ বৎসর মেয়াদী কোর্স পাসের সনদপত্র। |
| ৬ | কারিগরি সহকারী | জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১৪তম গ্রেডভূক্ত টাকা ১০২০০-২৪৬৮০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ১৮-৩০ বৎসর মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী ৩২ বৎসর | ০৯ | এস, এস, সি-সহ কোন অনুমোদিত সরকারী কারিগরী প্রতিষ্ঠান ইইতে সাব-ওভারসিয়ার/সার্ভে ফাইনাল পাস। |
| ৭ | ডিজেল মেকানিক/তৎসম | জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১৬তম গ্রেডভূক্ত টাকা ৯৩০০-২২৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ১৮-৩০ বৎসর মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী ৩২ বৎসর | ০৭ | অনুমোদিত প্রতিষ্ঠান হইতে ৪ মাস মেয়াদী কোর্সের ট্রেড সার্টিফিকেট থাকিতে হইবে। |
| ৮ | ইলেকট্রিশিয়ান(জাহাজ) /তৎসম | জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১৬তম গ্রেডভূক্ত টাকা ৯৩০০-২২৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ১৮-৩০ বৎসর মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী ৩২ বৎসর | ০৭ | অবশ্যই অনুমোদিত সরকারী কর্তৃপক্ষ হইতে 'বি' গ্রেড লাইসেন্স প্রাপ্ত হইতে হইবে। |
| ৯ | ওয়েল্ডার | জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১৬তম গ্রেডভূক্ত টাকা ৯৩০০-২২৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ১৮-৩০ বৎসর মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী ৩২ বৎসর | ০৬ | এস, এস, সি-সহ ওয়েল্ডিং কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা অথবা অনুমোদিত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট ট্রেডে ৪ মাস মেয়াদী কোর্স পাসের সনদপত্র। |
| ১০ | গ্রীজার | জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১৭তম গ্রেডভূক্ত টাকা ৯০০০-২১৮০০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ১৮-৩০ বৎসর মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী ৩২ বৎসর | ৪৬ | এস,এস, সি, অথবা সমমানের যোগ্যতা সহ কিছু অভিজ্ঞতা। |

০২। বয়স ঃ ১৫/০৪/২০১৮ তারিখে প্রার্থীদের বয়স উল্লেখ করতে হবে।

০৩। আগ্রহী প্রার্থীদেরকে ৩০/০৪/২০১৮ তারিখ পর্যন্ত শুধুমাত্র www.jobsbiwta.gov.bd এর মাধ্যমে অন-লাইনে আবেদন দাখিল করতে হবে।

০৪। আবেদন করার সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী www.jobsbiwta.gov.bd সাইটে পাওয়া যাবে। অনলাইনে আবেদন করার পর প্রাপ্ত Applied ID টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। উক্ত Applied ID টি রকেটের Biller Number হিসেবে ব্যবহার করে ৭২ ঘন্টার মধ্যে ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং রকেটের মাধ্যমে বিআইডব্লিউটিএ'র বিলার আইডি নং-৪২২ এ আবেদন ফি বাবদ ক্রমিক-১-৪ এ বর্ণিত পদের জন্য ৩২০(তিনশত বিশ) টাকা এবং ক্রমিক ৫-১০ এ বর্ণিত পদের জন্য ২১৫/-(দুইশত পনেরো) টাকা (অফেরৎযোগ্য) আবেদন ফি জমা দিতে হবে অন্যথায় আবেদন পত্রটি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

০৫। আবেদনকারীগণকে তাদের Applied ID টি ব্যবহার করে www.jobsbiwta.gov.bd ওয়েব-সাইট থেকে প্রবেশপত্র সংগ্রহ করার জন্য আবেদন পত্রে উল্লিখিত মোবাইল নম্বরে যথা সময়ে SMS প্রদানের মাধ্যমে অবহিত করা হবে।

০৬। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজ পত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষা গ্রহণের পর উত্তীর্ণ প্রার্থীদের নিকট থেকে আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি আহবান করা হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।

০৭। চাকুরীরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ০৬ নং ক্রমিকে উল্লিখিত শর্ত মোতাবেক দলিলাদি দাখিলের সময় তা তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।

০৮। অসম্পূর্ণ/ভূল তথ্য সম্বলিত দরখাস্ত কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।

০৯। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১০। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে।

১১। বিআইডব্লিউটিএ কর্তৃপক্ষ প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহনের অধিকার সংরক্ষণ করে।

১৫/৪/২০১৮

(জুলফা খানম)
যুগ্ম-পরিচালক(সংস্থাপন)
বিআইডব্লিউটিএ